

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০২৪.১৮-৭৩

তারিখঃ ১০/০২/২০২০ খ্রি.

পরিপত্র


বিষয়: সরকারি গুদাম হতে বিতরণকৃত খাদ্যশস্যের বস্তায় “বিতরণকৃত” স্টেনসিল মার্ক প্রদান।

বর্তমানে এলএসডি/সিএসডি হতে খাদ্যশস্য বিতরণকালে বিলিকৃত বস্তার গায়ে বিতরণ সম্পর্কিত কোন স্টেনসিল মার্ক প্রদান করা হয় না। টিআর, কাবিখা, খাদ্যবান্ধব, ভিজিডি, ভিজিএফ, জিআর, ওএমএস ও ইপি-ওপিসহ বিভিন্নখাতে খাদ্য অধিদপ্তরের স্টেনসিলকৃত বস্তায় খাদ্যশস্য বিতরণ করা হয়। প্যাটের বস্তা পুনঃব্যবহারযোগ্য বিধায় বিতরণকৃত খাদ্যশস্যের সরকারি স্টেনসিলকৃত খালিবস্তা ধান চাল ব্যবসায়ী, মিল মালিক ও ব্যক্তি পর্যায়ে পুনরায় ব্যবহার করা হয়। খাদ্য গুদাম থেকে খাদ্যশস্য ভর্তি বস্তায় বিতরণের পর এ বস্তার দায় দায়িত্ব খাদ্য অধিদপ্তরের উপর বর্তায় না। বেসরকারি পর্যায়ে খাদ্য অধিদপ্তরের স্টেনসিলকৃত খালিবস্তায় চাল/গম বস্তাবন্দি করে ব্যবহারের ফলে প্রায়শ আইনশৃঙ্খলা বাহিনী, খাদ্যশস্য ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে বিভ্রান্তির সৃষ্টি হয়। ফলে, সরকারিভাবে বিতরণকৃত খাদ্যশস্যের বস্তায় “বিতরণকৃত” স্টেনসিল মার্ক প্রদানের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।


এমতাবস্থায়, পিএফডিএস খাতে টিআর, কাবিখা, ভিজিডি, ভিজিএফ, জিআর, ইপি-ওপিসহ বিভিন্ন খাতে খাদ্য অধিদপ্তরের স্টেনসিলকৃত বস্তায় খাদ্যশস্য বিতরণকালে “বিতরণকৃত” স্টেনসিল মার্ক প্রদান সম্পর্কে নিম্নোক্ত নির্দেশনা অবিলম্বে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলোঃ

- (১) গুদাম থেকে খাদ্যশস্য সরবরাহ দেওয়ার প্রাক্কালে প্রতিটি বস্তার গায়ে নমুনা অনুযায়ী অমোচনীয় লাল রংয়ের “বিতরণকৃত” স্টেনসিল মার্ক প্রদান করতে হবে; স্টেনসিলটি অবশ্যই কম্পিউটার কম্পোজ করতে হবে;
- (২) স্টেনসিলটি হাতলওয়ালা কাঠের ফ্রেম (৮.২৫ ইঞ্চি x ৪.২৫ ইঞ্চি) ও রাবার স্ট্যাম্প (৮ ইঞ্চি x ৪ ইঞ্চি) দ্বারা তৈরি করতে হবে; কোন অবস্থাতেই এ পরিমাপের চেয়ে ছোট করা যাবে না;
- (৩) ১/২ লিটার রেড হাড্বেড রংয়ের সাথে ২ লিটার ফ্লেক্সো থিনার মিশিয়ে লাল কালি/রংয়ের মিশ্রণ তৈরি করা যেতে পারে এবং ট্রে’র মধ্যে রাখা ফোমে রংয়ের মিশ্রণ ঢেলে রাবার স্ট্যাম্পে ছাপ দিয়ে বিতরণকৃত খাদ্যশস্যের বস্তায় স্টেনসিল মার্ক প্রদান করতে হবে;
- (৪) স্টেনসিলটিতে নমুনা অনুযায়ী “বিতরণকৃত” শব্দটির অক্ষরসমূহ ২ সে.মি এবং তার নীচে “এলএসডির নাম” ও “সন” ১.৫ সে.মি হতে হবে;
- (৫) নিম্নোক্ত নমুনা মোতাবেক স্টেনসিল তৈরি করতে হবে, স্টেনসিলটির নমুনা নিম্নরূপঃ


স্টেনসিলের নমুনা



চিত্র-১



চিত্র-২। সিল প্রদানের পর


(সারোয়ার মাহমুদ)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা
চলমান পাতা-২

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য;
- ০৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ০৪। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ০৫। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা;
- ০৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট;
- ০৭। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/সান্তাহার/আশুগঞ্জ/মোংলা/স্টিল সাইলো, খুলনা;
- ০৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (পরিপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ০৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল).....;
- ১০। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা;
- ১১। ব্যবস্থাপক/এসএন্ডএমও/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল).....;
- ১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল).....;